দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 4 .. 1999
পৃষ্ঠা 22 কলাম 2

30

# শিক্ষামন্ত্রী অনুষ্ঠানের মূল বিষয়বস্তু ভুলে গিয়েছিলেন

ময়মনসিংহ থেকে জেলা সংবাদদাতা ঃ গতকাল ময়মনসিংহ পুলিশ লাইন প্রাথমিক স্কুলে আয়োজিত অনুষ্ঠানে উপস্থাপক আহবান করলেন এবার বক্তব্য রাখবেন আমাদের বহুল আকাঙ্খিত আজকের অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক। সাথে সাথে আসন থেকে সহাশ্যে উঠে গিয়ে মাইকে দাঁড়িয়ে শিক্ষামন্ত্রী সভাপতিকে সম্বোধন করতে গিয়ে অনুষ্ঠানের মূল বিষয়বস্তুই ভুলে গেলেন। স্বভাবসুলভ ভঙ্গিতে সভাপতিকে উদ্দেশ্য করে বলে ফেলবেন, আজকের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের শ্রদ্ধেয় সভাপতি তার একথা শুনে দর্শকগণ মৃদু হেসে ফেললেন। এতে মন্ত্রী মহোদয় বিষয়টি অনুধাবন করতে পেরে মূল বিষয়ে আলোচনা করে দর্শক শ্রোতাদের কাছে নিজের ভুল ভাঙ্গাতে সক্ষম হন। প্রকৃত পক্ষে হবে জাতীয় পর্যায়ে প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণের শুভ উদ্বোধনী ১৯৯৯।